

## প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব আঞ্জুমান আরা বেগম  
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
সাতকানিয়া, চট্টগ্রাম।

সভার তারিখ : ০৬/১১/২০২২ খ্রি.  
সভার সময় : সকাল ১০.০০ ঘটিকা  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ, সাতকানিয়া, চট্টগ্রাম।


সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”

উপস্থিত সকলকে আন্তরিক শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভা পরিচালনা করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রামকে অনুরোধ করা হয়। তিনি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় নিম্নবর্ণিত আলোচনা, কার্যক্রম ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

ক্র:নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	জনাব মো: গোলাম মাহবুব, উপজেলা শিক্ষা কর্মকর্তা, সাতকানিয়া সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সরাসরি শ্রেণিপাঠদান কার্যক্রম চলমান রয়েছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের শিখন ঘাটতি পূরণকল্পে আগামী ০৭ ডিসেম্বর পর্যন্ত সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম চালু থাকবে এবং ০৮ ডিসেম্বর থেকে বার্ষিক পরীক্ষা চলবে।	সভায় আলোচনা শেষে সরকারি নির্দেশনা অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণিকক্ষে পাঠদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
	উপজেলা শিক্ষা কর্মকর্তা, সাতকানিয়া সভায় আরও জানান সারাদেশ ব্যাপী কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি প্রাথমিক বিদ্যালয়সমূহ প্রায় ১৮ মাস বন্ধ থাকার সময়ের অনেক বিদ্যালয়ের বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি)র মেয়াদ শেষ হয়ে গিয়েছে। তাই মেয়াদ উত্তীর্ণ এসএমসি কমিটি পুনর্গঠন করার জন্য নির্দেশনা জারী হয়েছে।	সভায় আলোচনা শেষে সরকারি নির্দেশনা অনুযায়ী বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি (এসএমসি) পুনর্গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
০২	জনাব আ.ন.ম সেলিম চেয়ারম্যান, মাদার্শা ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। বর্তমানে শিক্ষা ব্যবস্থার বেহাল দশা। শিখন ঘাটতি দূর করার জন্য আন্তরিকতার সাথে পাঠদান এবং মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনান্তে, যে সকল শিক্ষক তাদের উপর অর্পিত দায়িত্ব পালনে অবহেলা করছে তাদের তালিকা দেয়ার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়াকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত	উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।

০৩	জনাব রুহুল্লাহ চৌধুরী, চেয়ারম্যান, চরভী ইউ,পি সভায় জানান তার ইউনিয়নের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় তার ইউনিয়নে ব্রান্ডনডেসা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে। তার এলাকায় আরও ওয়াশ ব্লক স্থাপনের জন্য অনুরোধ করেন।	সভায় বিস্তারিত আলোচনাস্তে, পরবর্তী অর্থ বছরে গুরুত্বপূর্ণ বিদ্যালয়সমূহে ওয়াশ ব্লক স্থাপনের জন্য অগ্রাধিকার তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
----	--	--	--

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বিভাগীয় কর্মকর্তাগণকে আন্তরিকতা ও জবাবদিহিতার সহিত সাথে দায়িত্ব পালন করার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আঞ্জুমান আরা বেগম

মহিলা ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপজেলা কমিটি

সাতকানিয়া, চট্টগ্রাম

তারিখ : ২৪/০৩/২০২২ খ্রি.

স্মারক নংঃ ০০.৫১৭.০০০.০০.২৯.০০২.২০২২- ১১১

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।


০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাঁশখালী, সাতকানিয়া।

০২। উপজেলা নির্বাহী অফিসার, বাঁশখালী, সাতকানিয়া

০৩। উপজেলা .....কর্মকর্তা, সাতকানিয়া, চট্টগ্রাম।

০৪। চেয়ারম্যান.....ইউ,পি, সাতকানিয়া, চট্টগ্রাম।

০৫। অফিস নথি।



মো: গোলাম মাহাবুব

উপজেলা শিক্ষা কর্মকর্তা

সাতকানিয়া, চট্টগ্রাম